PG (Even) Semester Examination, September, 2023

BENGALI

(2nd Semester)

Course No.: BNGCC-205 (O)

(বাংলা সাহিত্যে প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাব)

Full Marks: 70

Pass Marks: 28

Time: 3 hours

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে একটি প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

'ক'-গুচ্ছ

১. 'প্রাচীন সাহিত্য' গ্রন্থে ক'টি রচনা সংকলিত হয়েছে? গ্রন্থটির প্রকাশ কাল কত? ''ভারতীয়দের কাছে রামায়ণী চরিত্র প্রত্যক্ষ বাস্তবের চেয়েও বেশি সত্য, কারণ এই সকল চরিত্রে যে পরিপূর্ণতার আদর্শ স্থাপিত হয়েছে, ভারতবাসীর কাছে তাই গ্রহণীয়।" এই উক্তির আলোকে পাঠ্য প্রবন্ধটি আলোচনা করো। ১+১+১২=১৪

২. 'মেঘদূত' কাব্য রচয়িতার নাম কী? কাব্যে কোন্ ছন্দ ব্যবহৃত হয়েছে? পাঠ্য 'মেঘদূত' প্রবন্ধে কবিমানস ও দার্শনিক প্রজ্ঞার যে সমন্বয় ঘটেছে তা আলোচনা করো। ১+১+১২=১৪

'খ'-গুচ্ছ

৩. নাট্যকার মধুসূদনের দু'টি নাটকের নাম উল্লেখ করো। মধুসূদনের

নাট্যভাবনায় প্রাচ্য ও পাশ্চাত্যের যে সমন্বয় ঘটেছে— নাট্য বিশ্লেষণে তা বুঝিয়ে দাও। ২+১২=১৪

৪. 'জনা' নাটকের নাট্যকাহিনির উৎস কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? গিরিশ ঘোষের তিনটি পৌরাণিক নাটকের নাম লেখো। পুরাণ কাহিনির নবনির্মিতি গিরিশ ঘোষের নাট্যাদর্শে কতটুকু রক্ষিত হয়েছে— নাট্যকারের নাটক অবলম্বনে তা মূল্যায়ন করো। ১+৩+১০=১৪

'গ'-গুচ্ছ

৫. ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের জন্ম সাল উল্লেখ করো। ত্রৈলোক্যনাথের দু'টি উপন্যাসের নাম লেখো। ত্রৈলোক্যনাথ তাঁর লেখায় গল্প বলার দেশজ ধারাটিকেই ব্যবহার করেছেন বারবার। — আলোচনা করো। ১+২+১১=১৪

৬. আখ্যানের সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করো। ৭+৭=১৪

'ঘ'-গুচ্ছ

৭. সুধীন্দ্রনাথ দত্তের দু'টি কাব্যগ্রন্থের নাম লেখো। সুধীন্দ্রনাথের কবিতায় টি.এস. এলিয়টের জীবনদর্শন ও কাব্যভাবনার প্রভাব আলোচনা করো। ২+১২=১৪

৮. ডব্লিউ.বি. ইয়েটসের দু'টি কাব্যগ্রন্থের নাম লেখো। বাংলা কবিতায় কবি ইয়েটসের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ২+১২=১৪

'ঙ'-গুচ্ছ

৯. তোমার পাঠ্য বই ব্যতিরেকে আফসার আমেদ-এর কিসসা-নামাঙ্কিত অন্য যে কোনও দু'টি উপন্যাসের নাম লেখো। ''বিবির মিথ্যা তালাক ও তালাকের বিবি এবং হলুদ পাখির কিসসা' উপন্যাসে জাহান চরিত্রের কিসসার মধ্য দিয়ে ঔপন্যাসিক বাস্তবকে উপস্থাপিত করেন কুহকী বাস্তবতার মায়াজালে।" মন্তব্যটি বিশদভাবে বুঝিয়ে দাও। ২+১২=১৪

১০. অভিজিৎ সেন-এর জন্ম সাল উল্লেখ করো। তাঁর প্রথম উপন্যাসের নাম কী? ''বিদ্যাধরী ও বিবাগী লখিন্দর' উপন্যাসে 'মনসামঙ্গলে'র বেহুলা-লখিন্দরের কাহিনির নির্যাসকে কুহকী বাস্তবতার আদলে প্রকাশ করেছেন ঔপন্যাসিক।" মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

*****